আবেশ হয় এবং সেই আবেশের ফলে অভীষ্টাগতি লাভ হইয়া থাকে। সুতরাং বলিতেছেন "তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণে নিবেশয়েৎ।" ৭।১।৩০ অতএব কোনও উপায়ে শ্রীকৃষ্ণে মনের অভিনিবেশ ঘটাইবে। এ স্থানেও পূর্ব্বের মত "নিবেশয়েৎ"—এই পদে সম্মতিমাত্রই প্রকাশ করা হইয়াছে, বিধি করা হয় নাই। অর্থাৎ মনোভিনিবেশের প্রতি বিধি করা চলে না; যেহেতু অভিনিবেশটি হার্দ্দ্যধর্ম্ম, তাহার প্রতি কর্ত্তব্যতা উপদেশ করা চলে না। তবে "কেনাপি" অর্থাৎ কোনও উপায়ে বলিতে ইহাই বুঝিতে হইবে যে—সেই সকল পূর্ব্ববর্ণিত উপায়ের মধ্যে যুক্ততম কোনও একটি উপায়ে। এইরূপ অর্থই সমীচীন। অহো! যে আবেশটি তাদৃশ বহু প্রযত্নসাধ্য বৈধীভক্তি-মার্গে চিরকালে লাভ করিতে পারা যায়, সেইটি ভাববিশেষমাত্রে অচিরে লাভ হইয়া থাকে। তন্মধ্যেও দ্বেষাদির দ্বারাও সেই আবেশটি লাভ করিতে পারা যায়। অতএব এবম্ভূত পরম সদ্‌গুণস্বভাব সেই শ্রীভগবানে পামরজন-ভাব্য বৈরভাবের কথা দূরে থাকুক, এমন কোন্ অধম জন আছে, যে সেই শ্রীভগবানে ঔদাস্য অবলম্বন করিয়া প্রীতি না করিয়াও থাকিতে পারে! এই-প্রকারে শ্রীভগবানে রাগানুগা ভক্তিতেই যুক্ততমত্ব স্বীকার করা হইয়াছে। অর্থাৎ শ্রীভগবান এমন পরম কল্যাণস্বভাব যে—সেই শ্রীভগবানকে ভক্তি করাই যুক্তিযুক্ত; তন্মধ্যেও রাগানুগা ভক্তিই যুক্ততম। এইপ্রকার অভি-প্রায়ই "তস্মাৎ কেনাপ্যুপায়েন" শ্লোকে প্রকাশ করা হইয়াছে ॥ ৩১৫—৩২৩ ॥

তদেবং ভাবমার্গসামান্যস্যৈব বলবত্ত্বেঽপি কৈমুত্যেন রাগানুগায়ামেবাভিধেয়ত্বমাহ—বৈরেন যং নৃপতয়ঃ শিশুপালশাল্বপৌণ্ড্রাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ। ধ্যায়ন্ত আকৃতিধিয়ঃ শয়নাসনাদৌ তত্সাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিম্ ॥ ৩২৪ ॥

আকৃতিধিয়ঃ তত্তদাকারা ধীর্যেষাম্। এবমেবোক্তং গারুড়ে—অজ্ঞানিনঃ সুরবরং সমধিক্ষিপন্তো যং পাপিনোঽপি শিশুপালসুযোধনাদ্যাঃ। মুক্তিং গতাঃ স্মরণমাত্রবিধূত-পাপাঃ কঃ সংশয়ঃ পরমভক্তিমতাং জনানামিতি। অতো যথা বৈরানুবন্ধেনেত্যত্র বৈরানুবন্ধস্য সর্ব্বত আধিক্যং ন যোজনীয়ম্। যচ্চ ময়ি সংরম্ভযোগেন নিস্তীর্য্য ব্রহ্ম-হেলনম্। প্রত্যেষ্যতং নিকাশং মে কালেনাল্পীয়সা পুনরিতি জয়বিজয়ৌ প্রতি বৈকুণ্ঠ-বচনং, তদপি তদপরাধাভাসভোগার্থমেব সংরম্ভযোগাভাসং বিধত্তে, তৎপ্রাপ্তেস্তয়োঃ স্বাভাবিকসিদ্ধত্বাৎ, যুদ্ধলীলার্থমেব তৎপ্রপঞ্চনাৎ। অত্রদ্বেষাদাবপি কেচিদ্ভক্তিত্বং মন্যন্তে। তদসৎ; ভক্তিসেবাদিশব্দানামানুকূল্য এব প্রসিদ্ধেঃ, বৈরে তদ্বিরোধত্বেন তদসিদ্ধেশ্চ। পাদ্মোত্তরখণ্ডে চ ভক্তিদ্বেষাদীনাঞ্চ ভেদোঽবগম্যতে। যোগিভি দৃশ্যতে ভক্ত্যা নাভক্ত্যা দৃশ্যতে ক্বচিৎ। দ্রষ্টুং ন শক্যো রোষাচ্চ মৎসরাচ্চ জনার্দ্দন ইত্যত্র চ। ননু মন্যেঽসুরান্ ভাগবতানিত্যাদৌ শ্রীমদুদ্ধববাক্যে তেষামপি ভাগবতত্বং নির্দ্দিশ্যতে। নৈবম্। যতো মন্য ইত্যনেনোৎপ্রেক্ষাবগমাৎ ন স্বয়ং ভাগবতত্বং